DhakaProbe
সময়ের সাথে, সত্যের পথে

সত্যের সাথে, সত্যের পথে

সংবাদপত্র সংস্করণ (PDF) □ তৈরি: 14 Sep 2026, 02:32 PM

সারাদেশ

# ফ্যামিলি কার্ডের তথ্য সংগ্রহকারী নিয়োগে অনিয়মের অভিযোগ, নীলফামারীতে মানববন্ধন

প্রতিবেদক: নীলফামারী প্রতিনিধি
প্রকাশের তারিখ: রোববার, ৩০ আগস্ট ২০২৬, ০৫:২৩ PM




নীলফামারীতে ফ্যামিলি কার্ডের তথ্য সংগ্রহকারী ও সুপারভাইজার নিয়োগের ফলাফলে অনিয়ম ও পক্ষপাতিত্বের অভিযোগ তুলে মানববন্ধন ও স্মারকলিপি দিয়েছেন ছাত্র-জনতা।

বৃহস্পতিবার (২৭ আগস্ট) সকালে □নীলফামারীর সকল স্তরের জনগণ□-এর ব্যানারে শহরের চৌরঙ্গী মোড়ে ঘণ্টাব্যাপী এ কর্মসূচি পালিত হয়। বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের নীলফামারী জেলা শাখার আহ্বায়ক আলিফ সিদ্দিকী প্রান্তরের সভাপতিত্বে মানববন্ধনে বিভিন্ন শ্রেণি-পেশার মানুষ অংশ নেন।

মানববন্ধনে বক্তারা অভিযোগ করেন, সদর উপজেলাসহ জেলার বিভিন্ন উপজেলায় ফ্যামিলি কার্ডের তথ্য সংগ্রহকারী ও সুপারভাইজার নিয়োগে অনিয়ম ও পক্ষপাতিত্ব করা হয়েছে। তাঁরা নিয়োগ প্রক্রিয়ায় স্বচ্ছতা, ন্যায্যতা ও সমঅধিকার নিশ্চিত করার দাবি জানান।

আলিফ সিদ্দিকী প্রান্তর অভিযোগ করে বলেন, শুধু নীলফামারী সদর নয়, জেলার অন্যান্য উপজেলাতেও এ নিয়োগে পক্ষপাতিত্ব করা হয়েছে।

যোগ্য প্রার্থীদের বাদ দিয়ে পতিত স্বৈরাচারের দোসরদের নিয়োগ দেওয়া হয়েছে বলেও অভিযোগ করেন তিনি।

তিনি বলেন, এই নিয়োগ অবিলম্বে বাতিল করে নতুন করে নিয়োগ দিতে হবে এবং পুরো প্রক্রিয়ায় স্বচ্ছতা ও জবাবদিহি নিশ্চিত করতে হবে। অন্যথায় ছাত্র-জনতা জেলা প্রশাসকের কার্যালয় ঘেরাও কর্মসূচিতে যাবে বলেও হুঁশিয়ারি দেন তিনি।

নীলফামারীর চারটি আসনের জামায়াত মনোনীত সংসদ সদস্যদের ভূমিকা নিয়েও হতাশা প্রকাশ করেন আলিফ সিদ্দিকী প্রান্তর। তিনি অভিযোগ করেন, নিয়োগে পক্ষপাতিত্বের অভিযোগ উঠলেও তাঁরা এ বিষয়ে কোনো কথা বলছেন না। এমনকি নীলফামারী-২ আসনের সংসদ সদস্যকে নিয়োগ পরীক্ষায় উত্তীর্ণদের সামাজিক যোগাযোগমাধ্যমে অভিনন্দন জানাতেও দেখা গেছে বলে উল্লেখ করেন তিনি।

মানববন্ধন শেষে অংশগ্রহণকারীরা জেলা প্রশাসকের কাছে স্মারকলিপি দেন। এতে নিয়োগের অভিযোগ তদন্ত করে প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়া এবং স্বচ্ছ প্রক্রিয়ায় নতুন করে নিয়োগ দেওয়ার দাবি জানানো হয়।

---


## এ বিভাগের আরও খবর



**ফোন না ধরায় টিকিট কাউন্টারে গিয়ে মারধরের অভিযোগ যুবদল নেতার বিরুদ্ধে**
ব্রাহ্মণবাড়িয়া রেলওয়ে স্টেশনে তিতাস কমিউটার ট্রেনের টিকিট কাউন্টারে ঢুকে কর্মীদের মারধরের অভিযোগ উঠেছে এক যুবদল নেতার বিরুদ্ধে।মঙ্গলবার বেলা...



**৩ হাজার বাতির পৌরসভায় দেড় হাজারই নষ্ট, অন্ধকারে নরসিংদীর ঘোড়াশাল**
শিল্পাঞ্চল হিসেবে পরিচিত নরসিংদীর ঘোড়াশাল পৌর এলাকায় সন্ধ্যা নামলেই নেমে আসে অন্ধকার। দীর্ঘদিন ধরে অধিকাংশ সড়কবাতি নষ্ট হয়ে থাকায় প্রধান সড়ক...




**সার্ভার হ্যাক করে এনআইডি-সিডিআরসহ গোপন তথ্য সরবরাহ, যুবক গ্রেপ্তার**

নওগাঁর মান্দায় নির্বাচন কমিশনের সার্ভারে সংরক্ষিত নাগরিকদের ব্যক্তিগত ও গোপন তথ্য সংগ্রহ করে অর্থের বিনিময়ে সরবরাহের অভিযোগে মো. আব্দুস সালা...

---




**যৌতুকের জন্য গৃহবধূকে হত্যার অভিযোগ পরিবারের, গ্রেফতার দাবি**

নীলফামারীতে যৌতুকের জন্য নাছরিন নাহার (৩৫) নামে এক গৃহবধূকে পরিকল্পিতভাবে হত্যা করা হয়েছে বলে অভিযোগ করেছে তাঁর পরিবার। এ ঘটনায় জড়িতদের দ্রু...

---

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন: https://www.dhakaprobe.com/saradesh/fjamili-karder-tthj-snggrhkari-niyoge-oniymer-obhijog-nilfamarite-manbbndhn